

গায়ক - জালাল শাহ
পদকর্তা - আবুল কাশেম

যদি পারে যাবে পড় সাল্লেওয়াল
রোজ হাসরে তরাবেন হাবিবুল্লা।
যদি পারে যাবে পড় সাল্লেওয়াল
ভাবে ভঙ্গিমাতে আর আড়ম্বরেতে
লোকে বুঝতে পারে ইনি মৌলানা যে
অস্তরের ভেদ জানেন দয়াল আল্লা
যদি পারে যাবে পড় সাল্লেওয়াল
রোজ হাসরে তরাবেন হাবিবুল্লা।
সেই পারঘাটাতে পারের ইন্সটিশনে
টিকিট পাবে না বান্দা ইমান ধন বিনে
পারেরই মালিক হ্যায় রসুলউল্লা
যদি পারে যাবে পড় সাল্লেওয়াল
রোজ হাসরে তরাবেন হাবিবুল্লা।
আর ধর্ম কর্ম সারা গেছ ভুলে
পুণ্য করতে চাও এখন রোজের হাসরে
সেই পুলসেরাতের ঘোর অন্ধকারে
পার হয়ে যাবে জন্মতের দুয়ারে
আহা জন্মতের মালিক হ্যায় রসুলউল্লা
যদি পারে যাবে পড় সাল্লেওয়াল
রোজ হাসরে তরাবেন হাবিবুল্লা।
আবুল কাশেম বলে আল্লাতাল
মুরশিদ শাহাদাত হোসেন বলে রসুলউল্লা
যদি পারে যাবে পড় সাল্লেওয়াল
রোজ হাসরে তরাবেন হাবিবুল্লা।